# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রংপুর | 16 May, 2025

লালমনিরহাটের পাটগ্রামে বজ্রপাতে আব্দুল করিম (৬০) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে।

শুক্রবার (১৬ মে) সকাল ৯টার দিকে এ ঘটনা ঘটে।তাঁর বাড়ি উপজেলার বাউরা ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের রসুলপুর সফিরহাট এলাকায়।

পুলিশ ও স্থানীয়রা জানায়, সকালে নিজেদের খেত থেকে ভুট্টা তোলার হঠাৎ বৃষ্টির সাথে বজ্রপাত হয়।এ সময় আব্দুল করিম বজ্রপাতের শিকার হয়ে ঘটনাস্থলেই মৃত্যুর কোলে ঢলে পড়েন।

বাউরা ইউনিয়ন পরিষদের (ইউপি) ৮ নম্বর ওয়ার্ডের সদস্য আনিছুর রহমান জানান, 'শুক্রবার সকালে বজ্রপাতে আব্দুল করিমের মৃত্যু হয়।তিনি এই সময় ভুট্টাখেতে কাজ করছিলেন।'

পাটগ্রাম থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) স্বপন কুমার সরকার এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

বজ্রপাত কৃষক মৃত্যু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:46

URL: https://www.timestodaybd.com/rangpur/2559152285